

WE ARE YOUR DOL



Department  
of Labor

## ফাস্ট ফুড কর্মীদের জন্য ন্যূনতম মজুরি

1/1/25 থেকে 31/12/25

1/1/25 থেকে শুরু করে, ফাস্ট ফুড কর্মীদের জন্য ন্যূনতম মজুরি সাধারণ ন্যূনতম মজুরির হার অনুযায়ী হবে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে প্রতি ঘন্টায় \$16.50। নিউ ইয়র্ক রাজ্যের বাকি জায়গায় প্রতি ঘন্টায় \$15.50।

### ফাস্ট ফুড প্রতিষ্ঠান বলতে কী বোঝায়?

একটি ফাস্ট ফুড প্রতিষ্ঠান এমন যেকোনো ব্যবসা যা নিম্নলিখিত মানদণ্ড পূরণ করে:

- কফি শপ, জুস বার, ডোনাট শপ এবং আইসক্রিম পার্কারসহ প্রাথমিকভাবে খাবার বা পানীয় পরিবেশন করে
- সীমিত পরিষেবা অফার করে, যেখানে গ্রাহকরা খাবার খাওয়ার আগে অর্ডার দেয় এবং অর্থ প্রদান করে, এর মধ্যে এমন রেস্তোরাঁ অন্তর্ভুক্ত যেখানে টেবিল রয়েছে কিন্তু সম্পূর্ণ টেবিল পরিষেবা নেই এবং এমন জায়গাগুলি যা শুধুমাত্র টেক-আউট পরিষেবা প্রদান করে
- যদি এটি 30টি বা তার বেশি শাখার একটি চেইনের অংশ হয়, যার মধ্যে আলাদা মালিকানাধীন প্রতিষ্ঠানও থাকে, যা একটি ব্র্যান্ডের সাথে যুক্ত, যার দেশের বিভিন্ন স্থানে 30টি বা তার বেশি শাখা রয়েছে

### উদাহরণ

ফাস্ট ফুড প্রতিষ্ঠানেগুলির উদাহরণের মধ্যে রয়েছে Ben & Jerry's, Chipotle, Dunkin Donuts, Golden Krust Caribbean Bakery and Grill, Jamba Juice, KFC, McDonald's, Nathan's Famous, Pizza Hut, Quiznos, Shake Shack, Starbucks, Subway, Taco Bell, Tim Hortons, Uno Pizzeria & Grill, Wendy's এবং White Castle।

একটি ফাস্ট ফুড প্রতিষ্ঠানের সংজ্ঞা এবং কোনটি চেইন হিসাবে বিবেচিত হয় সে সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে এখানে উপলভ্য আতিথেয়তা শিল্পের নিয়মাবলী দেখুন <https://dol.ny.gov/hospitality-industry-wage-order-cr-146>।

### প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

#### এই ন্যূনতম মজুরি কোন ধরনের কর্মীদের প্রভাবিত করে?

এটি সেই সব কর্মীদের উপর প্রভাব ফেলে, যারা উল্লেখিত মানদণ্ড পূরণ করা ফাস্ট ফুড চেইনের শাখায় কাজ করেন। এটি সেই কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য যারা খাবার প্রস্তুত করেন, নিরাপত্তা রক্ষা করেন, শেলফ সাজানো, পরিষ্কার-পরিচ্ছন্নতা করা এবং অন্যান্য কাজ করেন।

#### ফাস্ট ফুড কর্মীদের জন্য খাবারের ক্রেডিট এবং ইউনিফর্ম রক্ষণাবেক্ষণ প্রতিফলন হার অন্যান্য আতিথেয়তা শিল্পের কর্মীদের থেকে আলাদা কি?

না, এই হারগুলি ফাস্ট ফুড এবং আতিথেয়তা শিল্পের কর্মীদের জন্য একই।

#### কল-ইন পে এবং স্প্রেড-অফ-আওয়ার্স নিয়মের জন্য মজুরি হার কী?

ফাস্ট ফুড কর্মীদের কল-ইন পে এবং স্প্রেড-অফ-আওয়ার্সের নিয়ম ফাস্ট ফুড কর্মীদের জন্য নির্ধারিত ন্যূনতম মজুরি হারে প্রযোজ্য।

#### ফাস্ট ফুড কর্মীরা ওভারটাইমের মজুরি পাওয়ার যোগ্য কি?

হ্যাঁ, ফাস্ট ফুড কর্মীরা প্রতি সপ্তাহে 40 ঘণ্টার বেশি কাজ করলে নিয়মিত মজুরির দেড়গুণ অতিরিক্ত মজুরি দিতে হবে।

#### আরো তথ্যের জন্য

আপনার যদি অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়, বা অভিযোগ দায়ের করতে চান, অনুগ্রহ করে কল করুন: **1-888-4NYSDOL (1-888-469-7365)** অথবা দেখুন: [labor.ny.gov/minimumwage](https://labor.ny.gov/minimumwage)।